

রং-বেরঙের প্রজাপতি রং ছড়াল আকাশে

- A Monitor Desk Report

Date: 11 December, 2021



প্রকৃতি ও জীবনের বর্ষিল অনুষ্ণ হছে প্রজাপতি। প্রজাপতি শুধু নিজেই সুন্দর নয়, সে মানুষের মনকে উদ্বেলিত করে, প্রেরণা জোগায়। সাদা জালে ঘেরা গাছগাছালির ডালে-পাতায় হলুদ, কালো, নীল, সাদা নানা রংএর প্রজাপতি যেন গতকাল বিকেলে রং ছড়াল আকাশে। এই রঙ খেলা উপভোগ করতে দেশের নানা প্রান্ত থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যেন নেমেছিল মানুষের ঢল। সাথে হরেক রকমের পসরা সাজিয়ে বসেছিল বিক্রেতা।

'উড়লে আকাশে প্রজাপতি, প্রকৃতি পায় নতুন গতি' স্লোগানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১১তম বারের মত আয়োজিত দিনব্যাপী এই প্রজাপতি মেলায় ৫০-৬০ প্রজাতির প্রজাপতি প্রদর্শিত হচ্ছে।

গতকাল শুক্রবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সামনে বেলুন উড়িয়ে এই মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. রাশেদা আখতার। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, 'কীট-পতঙ্গ এবং জীব বৈচিত্র রক্ষার জন্য প্রকৃতি, মানুষ এবং সামাজিক পরিবেশকে রক্ষা করতে হবে। এ জন্য সবাইকে সচেতন থাকতে হবে। পরিবেশের সুরক্ষা নিশ্চিত করে উন্নয়ন চিন্তা করতে হবে।' মেলার আহবায়ক প্রাণিবিদ্যা বিভাগের প্রফেসর ড. মনোয়ার হোসেন বলেন, 'প্রজাপতিকে রক্ষা করার জন্য প্রাকৃতিক পরিবেশকে বাঁচাতে হবে। পরিবেশ-প্রকৃতি সুরক্ষিত না হলে প্রজাপতি বাঁচবে না। আগে বাংলাদেশে সাড়ে তিন শত থেকে চার শত প্রজাতির প্রজাপতি লক্ষ করা যেত। সেই সংখ্যা এখন কমে এসেছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লক্ষ করা যেত এক শত বিশ প্রজাতির প্রজাপতি। এখন এই সংখ্যা নেমে এসেছে ষাটে। মানুষ প্রকৃতি মনস্ক হলে প্রকৃতি সুরক্ষিত থাকবে। প্রকৃতি সুরক্ষার জন্য বনাঞ্চল ও সবুজ বনভূমি রক্ষা করতে হবে।'

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জীববিজ্ঞান অনুষ্ণদের ডিন প্রফেসর ড. আব্দুল জব্বার হাওলাদার, চ্যানেল আই-এর পরিচালক এবং প্রকৃতি ও জীবন ফাউন্ডেশনের চেয়ারম্যান মুকিত মজুমদার বাবু, বার্ড ক্লাবের সভাপতি ইনাম আল হক, মৌসুমী টয়লেট্রিজ-এর ব্যবস্থাপনা পরিচালক মাতলুব আখতার প্রমুখ। অনুষ্ঠানে প্রজাতি সংরক্ষণে বিশেষ অবদানের জন্য সিরাজগঞ্জের কলেজ শিক্ষক মো. হাসমত আলীকে 'বাটার ফ্লাই এ্যাওয়ার্ড ২০২১' প্রদান করা হয়। বাটার ফ্লাই ইয়াং ইনখুসিয়াস্ট এ্যাওয়ার্ড লাভ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থী

আশিকুর রহমান সমী। দিনব্যাপী অনুষ্ঠিত মেলায় চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কুইজ, বক্তৃতা, প্রজাপতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা, প্রজাপতির ডকুমেন্টারি প্রদর্শনীর আয়োজন করা হয়।